

আমাদের রিজার্ভের সিংহভাগ আসবে মেরিটাইম সেক্টর থেকে-নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ২২ ডিসেম্বরে ২০২২;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিগন্ত উন্মোচন করে দিয়েছেন। আমাদের পতাকাবাহী জাহাজ ছিল ৬১টি। সেখান থেকে ৯২টিতে উন্নীত হয়েছে। এক বছরের মধ্যে ২০০ থেকে ৩০০ এর মধ্যে চলে যাবে। আমাদের রিজার্ভের সিংহভাগ আসবে মেরিটাইম সেক্টর থেকে। ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়তে নৌ স্থাপত্য ও মেরিন ইঞ্জিনিয়ার বিভাগ বিরাট ভূমিকা রাখবে এবং সুনীল অর্থনীতির পথ দেখাবে। বাংলাদেশে মানসম্পন্ন অনেক শিপইয়ার্ড আছে। সেখানে উন্নতমানের জাহাজ তৈরি হয়। জাহাজ নার্মাণের জন্য বৃটিশ সরকার বাংলাদেশের প্রশংসা করেছে। তারা আমাদের দেশের সাথে মেরিটাইম সেক্টরে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছে। শিমুলিয়াতে ল্যান্ডিং স্টেশন নির্মাণ করা হবে। নগরবাড়ী, বাঘাবাড়ী ও নোয়াপাড়া নৌবন্দরের উন্নয়ন করা হচ্ছে। এর ফলে নৌপথে পণ্য পরিবহন সহজ ও সাক্ষী হবে। রাস্তার ওপর চাপ কমবে। প্রধানমন্ত্রী মাল্টিমোডাল কানেক্টিভিটির ওপর গুরুত্ব দিচ্ছেন। চট্টগ্রাম ও মোংলা বন্দরের আপগ্রেডেশন হচ্ছে। পায়রা বন্দরের উন্নয়ন হচ্ছে। মাতারবাড়ীতে গভীর সমুদ্র বন্দরের নির্মাণ কাজ চলছে। সেটি আন্তর্জাতিক বাণিজ্যের হাব হবে। ৩৭ টি অভ্যন্তরীণ নদী বন্দর নিয়ে কাজ করছি। মুক্তারপুর, খানপুরে ইনল্যান্ড কেন্টেইনার ডিপো নির্মিত হচ্ছে। মুক্তারপুরকে বাংলাদেশ - ভারতের পোর্ট অব কল ঘোষণা করা হয়েছে। পানগাঁওয়ে ইনল্যান্ড কেন্টেইনার টার্মিনাল নির্মিত হয়েছে।

প্রতিমন্ত্রী আজ ঢাকায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কাউন্সিল ভবনে নৌ-স্থাপত্য এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ আয়োজিত 'মেরিন টেকনোলজি বিষয়ক (MARTEC 2022) ১৩তম আন্তর্জাতিক সম্মেলনের' সমাপনী অনুষ্ঠানে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বজ্রব্য রাখেন বুয়েটের উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল জব্বার খান, সাংগঠনিক কমিটির চেয়ারম্যান পেফেসর সাজিদুল বারী, টেকনিক্যাল কমিটির চেয়ারম্যান ড.মাসুদ করিম এবং ড.শহীদুল ইসলাম।

প্রতিমন্ত্রী বলেন, আমাদের অধিকার আমাদের প্রতিষ্ঠিত করতে হবে। অন্যকেউ আমাদের প্রতিষ্ঠিত করে দিবে না। আমাদের মধ্যে আছে, প্রতিভা আছে এটা পৃথিবীতে সুনাম অর্জন করেছে। যদি সমন্বিতভাবে কাজে লাগানো যায় তাহলে বঙ্গবন্ধুর ঘন্টের সোনার বাংলা পাবো।

জাতির পিতাকে হারানোর পরে অল্প সময়ের মধ্যেই ভালো নেতৃত্ব পেয়েছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ দাঁড়িয়ে গেছে। যে জায়গায় গেছে সেখানে থেকে তো নামাতে পারবে না। আরও এগিয়ে যাবো। যারা বাঙালি জাতিকে নিয়ে কটাক্ষ করেছিল, তাচিল্য করেছিলো তাদের দেখিয়ে দিতে চাই আমরা পারি। মেরিটাইম সেক্টরে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। আপনারা আরও সামনে এগিয়ে নিয়ে যাবেন।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৮২৫৩৬৪